
দৈনিক ইনকিলাব


বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 06 APR 1989
পৃষ্ঠা 1 কলাম 1

15



সহ-সভাপতি ফায়েজুল করিম



সাধারণ সম্পাদক আসাদুল আমিন দাদন

# বাকসু নির্বাচনে ফায়েজ-আসাদ পরিষদ বিজয়ী

।। কৃষি বিশ্ববিদ্যালয় রিপোর্টার ।।

কৃষি বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ নির্বাচনে সহ-সভাপতি পদে জনাব ফায়েজুল করিম (সু-র) এবং সাধারণ সম্পাদক পদে জনাব আসাদুল আমীন দাদন (ছাত্র ইউঃ)-সহ তাদের পূর্ণ প্যানেলে জয়লাভ করেছেন। ওদিকে হল সংসদের ১২৬টি পদের মধ্যেও তারা ১১৪টিতে জয়লাভ করেছেন। বাকসুর

শেষ পৃঃ ১-এর কঃ দেখুন

## বাকসু নির্বাচন

প্রথম পৃষ্ঠার পর

অন্যান্য পদে জয়লাভ করেছেন— যুগ্ম সম্পাদক সাইফুল ইসলাম (সু-র), ক্রীড়া সম্পাদক ছাইফুল ইসলাম (সু-র), সহ-ক্রীড়া সম্পাদক ফজলে রাব্বী মণ্ডল আতা (সু-র), মিলনায়তন সম্পাদক মফিজুর রহমান (সু-র), সমাজকল্যাণ সম্পাদক মাসুদ পারভেজ (সু-র), সাহিত্য সম্পাদক কুলদানন্দ রায় (ছাত্র ইউঃ), বার্ষিকী সম্পাদক শেখ বখতিয়ার পান্না (সু-র), প্রমোদ সম্পাদক আহসান হাবিব (ছাত্র ইউঃ)।

গত ৪ এপ্রিল সুষ্ঠুভাবে এ নির্বাচন সম্পন্ন হওয়ায় ভিসি জনাব আসাদুর রহমান সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানিয়েছেন।


(নিজস্ব সংবাদদাতা) ।--বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদের (বাকসু) সবকটি আসনে এবং ৯টি হলের সংখ্যাগরিষ্ঠ আসনে ছাত্রসংগ্রাম পরিষদের ফায়েজুল দাদন পরিষদের প্রার্থীরা জয়লাভ করেছেন। ১ হাজার ২৭৮ ভোট পেয়ে সহ সভাপতি নির্বাচিত হয়েছেন মোঃ ফায়েজুল করিম (ছাত্রলীগ, সু-র) ও সাধারণ সম্পাদক পদে ১ হাজার ২৪৩ ভোট পেয়ে নির্বাচিত হয়েছেন আসাদুল আমীন দাদন (ছাত্রইউনিয়ন)।

৯টি হলের ১২৬টি আসনের মধ্যে ১১৫টি আসনে ফায়েজুল-দাদন পরিষদের প্রার্থীরা বিজয়ী হয়েছেন। হলগুলোতে সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্ট ৫টি, জাতীয়তাবাদী ছাত্রদল ২টি ও স্বতন্ত্র ১টি আসন ও ছাত্রলীগ (মুনা) ১টি পেয়েছে। ২টি আসনে সমান ভোট পড়ায় পুনঃনির্বাচন হবে।

...পেন্টাগনের এক প্রতিবেদনে পাকিস্তানের স্থলবাহিনীর 'অপর্যাপ্ত ও সেকেলে' সরঞ্জামগুলোর উন্নীতকরণের ব্যাপারটাকে অগ্রাধিকার দেয়া হয়েছে।



ফায়েজুল করিম



আসাদুল আমিন দাদন

বাকসুর নির্বাচিত অন্যান্য নেতা হচ্ছেন যুগ্ম সম্পাদক সাইফুল ইসলাম (ছাত্রলীগ, সু-র) ক্রীড়া সম্পাদক ছাইফুল ইসলাম (ছাত্রলীগ সু-র), সহ-ক্রীড়া সম্পাদক ফজলে রাব্বী মণ্ডল আতা (ছাত্রলীগ সু-র), মিলনায়তন সম্পাদক মোঃ মফিজুর রহমান (ছাত্রলীগ, সু-র), সাহিত্য সম্পাদক কুলদানন্দ রায় (ছাত্র ইউনিয়ন), বার্ষিকী সম্পাদক-

(শেষ পৃঃ ৭-এর কঃ দ্রঃ)

...আলতাফ হোসেন বকুল ও সৈয়দ আলী আহসান মিন্টু (ছাত্র ইউনিয়ন), মোঃ বেলাল হোসেন (জাতীয় ছাত্র লীগ) এবং গৌতম সরকার ও সৈয়দ আবু সাইদ বাচ্চু (ছাত্রলীগ, সু-র)।

উল্লেখ্য, নির্বাচনে ছাত্রলীগ (সু-র), ছাত্র ইউনিয়ন ও জাতীয় ছাত্রলীগ যৌথ প্যানেল দেয়। ছাত্র মৈত্রী, ছাত্রলীগ (মু-না) ও সমাজতান্ত্রিক ছাত্র ফ্রন্ট যৌথভাবে এবং জাতীয়তাবাদী ছাত্রদল, বিপ্লবী ছাত্রমঞ্চ, ইসলামী ছাত্র শিবির ও স্বতন্ত্র পরিষদ পৃথক পৃথকভাবে প্রতিদ্বন্দ্বিতা করে। শিবির ও ছাত্রমঞ্চ কোন পদ পায়নি।

৯টি হলের কেবলমাত্র ঈশা খাঁ হলের সহ-সভাপতি পদে স্বতন্ত্র, আশরাফুল হক হলের সহ-সভাপতি পদে ছাত্রদল প্রার্থী, সুলতানা রাজিয়া হলের সাধারণ সম্পাদিকা পদে সমাজতান্ত্রিক ছাত্র ফ্রন্ট প্রার্থী বিজয়ী হয়েছেন। হলসমূহের অন্য সকল মূল আসনে বিজয়ী হয়েছেন ফায়েজুল-দাদন পরিষদের সদস্যবৃন্দ। সুলতানা রাজিয়া হলে সাধারণ সম্পাদিকা মাত্র ১ ভোটের ব্যবধানে জয়ী হয়েছেন। এই পদের ভোট পুনঃগণনার জন্য আবেদন জানান হয়েছে।

**কারণ দর্শানো নোটিশ**

কয়েকজন ছাত্রকে নিয়ম বহির্ভূতভাবে ভোটার করা হয়েছে--একজন ছাত্রের এই আবেদনের প্রেক্ষিতে ময়মনসিংহের সহকারী জজের আদালত নির্বাচন পরিচালনা পরিষদের ২২ জন সদস্যের নামে কারণ দর্শাও নোটিশ জারি করেছেন।

## ভিপি নিহত

(১ম পাতার পর)

পথে ছাত্রলীগ (সু-র) নেতা ও রাউজান কলেজ ছাত্র সংসদের সহ-সভাপতি মুজিবুল হক দুষ্কৃতকারীদের গুলীতে নিহত হয়েছেন। তার অপর দুই সঙ্গী ফকরুদ্দীন মোহাম্মদ বাবর ও সাহবুদ্দিনকে গুরুতর আহত অবস্থায় চট্টগ্রাম মেডিক্যাল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে।